# পঞ্চম উপজেলা পরিষদের ৫৭ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ০৮ ফেব্রুয়ারি ২০২৪
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ; পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে জনবলের কারণে এক্স-রে মেশিন চালানো যাচ্ছে না। বিধায় এক্স-রে মেশিনটি চালানো না হলে নষ্ট হয়ে যাবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এক্স- রে মেশিন চালানোর জন্য টেকনিশিয়ান প্রদায়নের নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, অত্র উপজেলার প্রত্যেক ইউনিয়নে বিট পুলিশ ও কমিনিউটি পুলিশের টহল জোরদার করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা আইন-শৃঙ্খলা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলার ১৩০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৪ এর অংশ হিসেবে আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা শুরু হয়েছে। পর্যায়ক্রমে বিদ্যালয় ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে বলে সভাকে অবহিত করেন। | জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৪ এর অংশ হিসেবে আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে সুষ্ঠু ও সুন্দরভাবে শেষ করার লক্ষ্যে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় মাধ্যমিক শিক্ষা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত/উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (এডিপি) এর প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্পগুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। নিম্নে প্রকল্পগুলোর নাম উল্লেখ করা হলো :-<br>১. মুলাগুল কান্দলা নয়াবাজার ঘাটে সিঁড়ি নির্মাণ = ২,২৫,০০০/-<br>২. নিহালপুর আসামপাড়া পূর্ব জামে মসজিদের ভবনের ওয়াল নির্মাণ = ১,৭০,০০০/-<br>৩. বাউরভাগ লামারগ্রাম জামে মসজিদের উন্নয়ন = | ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত/উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (এডিপি) এর দাখিলকৃত প্রকল্পগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫৫,০০০/-<br>৪. ২নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের কুওরঘড়ি রাস্তা হইতে রেনুর বাড়ী ভায়া কানাইঘাট - সুরাইঘাট রাস্তা পর্যন্ত সড়ক ইটসলিং দ্বারা উন্নয়ন = ১,০০,০০০/-<br>৫. ২নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের ২নং ওয়ার্ডের গোরকপুর আবুলের বাড়ী হইতে আবুল মুকিতের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃনির্মাণ = ১,০০,০০০/-<br>৬. ২নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের ৫নং ওয়ার্ডের লামার গ্রাম দক্ষিণ কবরস্থানের বাউন্ডারী ওয়াল সংস্কার = ৭৫,০০০/-<br>৭. মান্দারগ্রাম আলমগীরের বাড়ী হইতে মিন্টুর বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন = ১,০০,০০০/-<br>৮. সিএন্ডবি রোড সংলগ্ন পূর্ব রামপুর আসমানের বাড়ীর সামনে কালভার্ট নির্মাণ = ২,০০,০০০/-<br>৯. জুলাই আদর্শ উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের রাস্তায় ড্রেইন নির্মাণ = ২,২৫,০০০/-<br>১০. মালীগ্রাম বাজারের গলি সিসি দ্বারা উন্নয়ন = ১,২৫,০০০/-<br>১১. দলকিরাই আব্দুল আহাদের বাড়ীর সম্মুখে দক্ষিণ মুখী রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ১,০০,০০০/-<br>১২. ৫নং বড়চতুল ইউনিয়নের মালিগ্রাম ঈদগাহের বাউন্ডারী ওয়াল রং করণ = ২৫,০০০/-<br>১৩. ৬নং কানাইঘাট সদর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে রিং ও স্লাব বিতরণ = ৭০,০০০/-<br>১৪. ছোটদেশ নয়াফৌদ গ্রামে শহরকুতুব মিয়ার বাড়ী হইতে দক্ষিণমুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ১,৫৫,০০০/-<br>১৫. কানাইঘাট পৌরসভার ধনপুর উত্তর জামে মসজিদের পশ্চিমের রাস্তার মুখ (মৌলভী সুলায়মানের বাড়ী) হইতে কাজী আব্দুল লতিবের বাড়ী পর্যন্ত সড়ক সিসি দ্বারা উন্নয়ন = ১,০০,০০০/-<br>১৬. গাছবাড়ী উত্তর বাজার ইউসুফ মিয়ার দোকানের নিকট হইতে পূর্বমুখী গলির উন্নয়ন = ২,২৫,০০০/-<br>১৭. ৮নং ঝিংগাবাড়ী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানে ডেক্স-বেঞ্চ সরবরাহ = ১,২৫,০০০/-<br>১৮. মুকিগঞ্জ বাজার হইতে হরিশিং মাটি কবরস্থান পর্যন্ত সড়ক উন্নয়ন = ১,০০,০০০/-<br>১৯. ৮নং ঝিংগাবাড়ী ইউনিয়নের মুকিগঞ্জ ভেড়ামারা রাস্তার মুকিগঞ্জ জালালপুর রাস্তা হইতে মরহুম ওয়াজিদ আলী চৌঃ ও মরহুম মৌঃ গোলাম কিবরিয়া সাহেবের দক্ষিণ পার্শ্বের রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ১,০০,০০০/-<br>২০. আনছারপুর দক্ষিণ জামে মসজিদের দরজা ও জানালা থাই দ্বারা উন্নয়ন = ৬৫,০০০/-<br>২১. ৯নং রাজাগঞ্জ ইউনিয়নের ৮নং ওয়ার্ডের আনছারপুর নয়ন হকের বাড়ীর পার্শ্বে কালভার্ট নির্মাণ = ১,৬০,০০০/-<br>২২. ৯নং রাজাগঞ্জ ইউনিয়নের ৮নং ওয়ার্ডের বীরদল আগকুপা গ্রামের দুন্দির রাস্তার আবুল কালামের বাড়ী হইতে ফয়েজ উদ্দিনের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ২,০০,০০০/- | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৩. কানাইঘাট উপজেলার কৃষকদের মধ্যে আউশ ধানের বীজ বিতরণ = ১,০০,০০০/-<br>২৪. কানাইঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিষ্কার পরিছন্নতা করণ = ১,০০,০০০/- | | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে বোরো মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী বোরো আবাদের কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় পর্যাপ্ত সার, কীটনাশক ও কৃষি উপকরন মজুদ রয়েছে। তাছাড়া আসন্ন সরিষা-১ মৌসুমে তেলের উৎপাদন বৃদ্ধির জন্য তিল বীজ ক্রয় বাবদ এডিপি হতে ১ লক্ষ টাকা বরাদ্দ করা হলে তিলের উৎপাদন বাড়ানো সম্ভব হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা<br>কৃষি কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, বর্তমান শীত মৌসুমে খাল-বিলসহ নানা ছোট-বড় জলাশয় শুকিয়ে মাছ শিকারের প্রবণতা রয়েছে। বিল,জলাশয় খাল শুকিয়ে মাছ শিকার করলে মাছের প্রজাতি বিলুপ্তির আশঙ্খা রয়েছে। বিল শুকিয়ে মাছ ধরার ফলে বিলের নিচে থাকা কৈই,শিং মাগুর,শোল, টেংরা,পুঁটিসহ দেশীয় প্রজাতির ছোটবড় মা মাছ ও মাছের ডিম নষ্ট হয়। এতে মাছের প্রজনন ও উৎপাদনে বিরাট প্রভাব পড়ে থাকে।<br>এ বিষয়ে মৎস্যজীবি জেলেদের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মৎস্য দপ্তর কানাইঘাট কর্তৃক কার্যক্রম চলমান রয়েছে।<br>মাছ ধরার কাজে জড়িত সকল সুফলভোগীসহ মৎস্যজীবি জেলেদের মাঝে ব্যাপক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা মৎস্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা<br>মৎস্য কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা<br>প্রাণিসম্পদ কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির অধীনে বয়স্ক ভাতা কর্মসূচির আওতায় ১০৩ টি বিধাবা ও স্বামী নিগৃহিতা মহিলাদের ভাতা এবং কর্মসূচির আওতায় ৭০ টি এবং প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতা প্রদান কর্মসূচির আওতায় ৯৬২ টি বরাদ্দ পাওয়া গেছে। সমাজ সেবা অধিদপ্তরের ৪১.০১. ০০০০.০৪৯.০৫.০১৫.২১.৯৯ তারিখ: ০৫-০২-২০২৪ খ্রি: তারিখে জারিকৃত পত্রের আলোকে সম্পন্ন করতে হবে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সকল ভাতা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা<br>সমাজসেবা কর্মকর্তা/<br>ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যানগণ<br>কানাইঘাট ,সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দকৃত প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং ২য় কিস্তির বরাদ্ধকৃত প্রকল্পগুলোর অনুমোদন পাওয়া যায়নি বলে সভাকে অবহিত করেন। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প<br>বাস্তবায়ন কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ডিব্লিউবি কার্যক্রম : ডিওব্লিউবি কার্যক্রমের আওতায় ১২৫০ জন উপকারভোগী রয়েছে। প্রতি মাসে ৩০ কেজি হারে পুষ্টি চাউল বিতরণ করা হয়। বরাদ্দ না থাকায় জানুয়ারি - ২০২৪ মাসের ডিও প্রদান করা সম্ভব হয় নাই। ফেব্রুয়ারি-২০২৪ মাসে ০২(দুই) মাসের ডিও একত্রে প্রদান করা হবে।<br><br>আই.সি ভি.জি.ডি কর্মসূচি : আই.সি ভি.জি.ডি কর্মসূচির আওতায় ৯৮৯ জন উপকারভোগী রয়েছেন দ্বিতীয় ধাপের প্রশিক্ষণ শেষে আগামী ১০-০২-২০২৪ খ্রি: তারিখে ৩য় ব্যাচের হাঁস-মুরগী ও ছাগল পালন প্রশিক্ষণ শুরু করা হবে ।<br><br>কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প : উক্ত প্রকল্পের আওতায় ১০টি ক্লাবে ১০(দশ)টি আলমারি বিতরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা আনসার ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা কর্মকর্তা সভায় জানান, ডিসেম্বর - ২০২৩ হতে প্রতি মাসে ০৩ (তিন)টি উঠান বৈঠক,১৪ দিনে ডোর টু ডোরের মাধ্যমে সেবা প্রদান করা হয় এবং ডোর টু ডোরে প্রেসার ও ডায়বেটিস টেষ্টের মাধ্যমে সেবা দেওয়া হয়ে থাকে। ১৪ দিন ডোর টু ডোরের মাধ্যমে ৩৫০ জনকে সেবা প্রদান করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা তথ্য আপা প্রকল্পের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন বাস্তবায়িত প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, উপজেলা বন বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা বন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীন "হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ ও স্যানিটিশন প্রকল্পের ২৩-২৪ অর্থবছরের বরাদ্দের ৭৫% কাজ সমাপ্ত হয়েছে। তাছাড়া সমগ্রদেশ নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৬০% কাজ সমাপ্ত হয়েছে। পিডিপি-৪ প্রকল্পের আওতায় ৩৫ টি বিদ্যালয়ে ওয়াশব্লকের কাজ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আমন মৌসুমের ধান সংগ্রহ কার্যক্রমের লক্ষ্যমাত্রা ৪৮৪ মে.টন এবং ইতিমধ্যে ২৩৪ মে:টন ধান সংগ্রহ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক কানাইঘাট শাখায় ২৪৭ টি সমিতির ৬৪৬২ জন প্রান্তিক জনগোষ্টি রয়েছেন। সেই মর্মে সমিতির সদস্যের কাছ থেকে সঞ্চয় আদায়, ঋণ বিতরণ, ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জানান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ০১(এক)টি সেবামুলক প্রতিষ্ঠান হিসেবে আমরা জনগণের যে সেবা প্রদান নিশ্চিত করে যাচ্ছি অগ্নিকান্ড ও সড়ক-দুর্ঘটনায় উদ্ধারসহ সকল প্রকার প্রাকৃতিক দূর্যোগে সেবা প্রদান যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্টেশন অফিসার কানাইঘাট,সিলেট |
| ২৪ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৫ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৯২ টি, নিস্পত্তিকৃত মামলার সংখ্যা ০৭ টি এবং ৮৫ টি মামলা অনিস্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিস্পন্ন মামলাগুলো দ্রুত নিস্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিস্পন্ন মামলা দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৬ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভূক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২৭ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা (গ) মালি,পরিস্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/০২/২০২৪

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.৪৩৮(৩৭) তারিখ: ২৫ মাঘ ১৪৩০ / ০৮ ফেব্রুয়ারি ২০২৪

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান --------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব ------------------------------------- কানাইঘাট, সিলেট
১২। অফিস কপি

08/02/2024

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner